



সাপ্তাহিক পৃষ্ঠিকা: ৩০১
WEEKLY BOOK PR: 331

শায়াখে তটৌকত, আমীরে আহলে সুন্নাত, দা'ওয়াতে ইসলামীতে প্রতিষ্ঠিততা, হেবরত আমল্লাহা
হাওলাহা মুহাম্মদ ইলহিয়াহ আম্বাত আমরী হেবী **عَنْ رَسُولِ اللَّهِ ﷺ** এত বিভিন্ন বাণী অনুহেত অন্নটি

আমীরে আহলে সুন্নাতের ১১৩টি বাণী

অবধ: ৬



ইসলাম
আল-আম্বিয়াহ ইলহিয়াহ আম্বাত
ISLAMIC RESEARCH CENTER
Islamic Research Center

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى سَيِّدِ الْمُرْسَلِيْنَ ط
 اَمَّا بَعْدُ فَاَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ ط بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ط

আমীরে আহলে সুন্নাতের ১১৩টি বাণী

খলীফায়ে আমীরে আহলে সুন্নাতের দোয়া: ইয়া রব্বের মুস্তফা! যে ব্যক্তি ১৪ পৃষ্ঠা সম্বলিত এই পুস্তিকা "আমীরে আহলে সুন্নাত **دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه** 'র ১১৩টি বাণী" পাঠ কিংবা শ্রবণ করবে তাঁকে বুয়ুর্গানে দ্বীনের ভালোবাসা দান করণ, তাদের পদাঙ্ক অনুসরণ করার তৌফিক দান করণ এবং তাঁর ঈমান হিফায়ত করণ। **اٰمِيْنَ بِجَاوِحَاتِهِمُ النَّبِيِّيْنَ صَلَّى اللهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ**।

দরুদ শরীফের ফযীলত

আল্লাহ পাকের সর্বশেষ নবী **صَلَّى اللهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ** ইরশাদ করেন: যে (ব্যক্তি) আমার উপর সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দরুদ শরীফ পাঠ করবে, সে কিয়ামতের দিন আমার সুপারিশ লাভ করবে।

(মাজমাউয যাওয়ানিদ, ১০ম খন্ড, ১৬৩ পৃষ্ঠা, হাদীস-১৭০২২)

صَلُّوْا عَلَيَّ الْحَبِيْبِ! صَلَّى اللهُ عَلَيَّ مُحَمَّدٍ

কুরআনে কারিম ও হাদীসে পাকে দ্বীনি জ্ঞান ও আলেমদের অসংখ্য ফযীলত ও মাহাত্ম্য বর্ণনা করা হয়েছে। যাতে এই বিষয়ের প্রতি ইঙ্গিত রয়েছে যে, আমাদেরকেও ইলমে দ্বীন ও আলেমদের প্রতি ভালোবাসা ও শ্রদ্ধা পোষণ



করার পাশাপাশি তাদের বাণী অনুসরণ করে আমাদের দুনিয়া ও আখেরাতকে সুন্দর করা উচিত। সুতরাং, বর্তমান যুগে দ্বীনি আলেমদের মধ্যে একটি প্রসিদ্ধ নাম হলো আমীয়ে আহলে সুন্নাত হযরত আল্লামা মাওলানা মুহাম্মদ ইলিয়াস আত্তার কাদরী **دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَةِ**, তাঁর কৃপায় লক্ষ লক্ষ মুসলমানদের সংশোধন হয়েছে। এই পুস্তিকায় তাঁর সুন্দর সুন্দর বাণী সমূহ উল্লেখ করা হয়েছে, এই বাণীগুলি অধ্যয়ন করে এগুলোর উপর নিজে আমল করার পাশাপাশি অপরের নিকট পৌঁছে দিন। **إِنْ شَاءَ اللَّهُ**, এর বরকত অর্জিত হবে:

(১) এই আশা করা ঠিক নয় যে, আমার মা বাবা আমাকে সকল ভাই বোনের তুলনায় বেশি ভালবাসবে। তবে এই আশা করতে পারবে যে, তারা আমাকে অনেক ভালবাসুক এবং এজন্য তাদের প্রত্যেক জায়েজ কাজ অবিলম্বে করুন এবং বেশি বেশি তাদের তাদের খেদমত করুন। (৪ রমযান, ১৪৩৭ হিজরী, ১০ জুন ২০১৬ আসরের পর)

(২) অবস্থা বুঝে এবং অনুমতি নিয়ে আলেম থেকে মাসলা জিজ্ঞেস করুন, আলেম সাহেব যদি অনুমতি না দেয় তবে অসম্ভব হওয়া যাবে না।

(৭ রমযান, ১৪৩৭ হিজরী, ১৩ জুন ২০১৬ আসরের পর)





(৩) হুবের মাদাহ অর্থাৎ আত্মপ্রশংসা কামনার চেতনা ভালো নয় কারণ এটা অভ্যন্তরীণ রোগ। এবং এর কারণে বান্দা অনেকগুলো গুনাহের মধ্যে নিপতিত হয়ে যায়।

(৭ রমযান, ১৪৩৭ হিজরী, ১৩ জুন ২০১৬ আসরের পর)

(৪) হাঁচি আসলে হাম্দ তথা প্রশংসা করা উচিত এবং নিম্নস্বরে হাঁচি দিতে মুখে রুমাল অথবা টিস্যু রাখলে কোন অসুবিধা নেই বরং উত্তম।

(৭ রমযান, ১৪৩৭ হিজরী, ১৩ জুন ২০১৬ আসরের পর)

(৫) আল্লাহ পাক যেমন বানিয়েছেন তার উপর সম্ভ্রষ্ট থাকার উচিত, অতএব সৌন্দর্যের জন্য সাদা রং হওয়া আবশ্যিক নয়। (৭ রমযান, ১৪৩৭ হিজরী, ১৩ জুন ২০১৬ আসরের পর)

(৬) যে ব্যক্তি সবাইকে গুরুত্ব দেয়, সবাইকে ভালোবাসা দেয় এবং তাদের মর্যাদা অনুযায়ী সম্মান দেয়, সে ব্যক্তি সবার প্রিয় হয়ে উঠে।

(৭ রমযান, ১৪৩৭ হিজরী, ১৩ জুন ২০১৬ আসরের পর)

(৭) বান্দা যদি গুনাহ করে ফেলে তাহলে সে যেন ভয় করে যাতে আল্লাহ অসম্ভ্রষ্ট না হয়ে যান এবং নেকী করার সৌভাগ্য পেলেও যেন ভয় করে যে, জানিনা কবুল হয়েছে কি না? (১২ রমযান, ১৪৩৭ হিজরী, ১৭ জুন ২০১৬ আসরের পর)





(৮) কেউ আমাদের সাথে অসদাচরণ করলে তার প্রতি অসন্তুষ্ট হওয়া এবং সকলের সামনে **مَعَادَ اللَّهِ** তার মন্দ আলোচনার পরিবর্তে ধৈর্যধারণ করণ বরং তাকে উপহার দিন, ফলে ঘৃণা দূর এবং ভালোবাসা বৃদ্ধি পাবে।

(১৪ রমযান, ১৪৩৭ হিজরী, ১৯ জুন ২০১৬ তারাবীর পর)

(৯) যৌবনে বেশি বেশি ইবাদত করা উচিত, বার্ধক্যে কষ্টদায়ক ইবাদত করা দুষ্কর হয়ে পড়ে এবং যৌবনের মত সাহস ও শক্তিও থাকে না।

(১৫ রমযান, ১৪৩৭ হিজরী, ২০ জুন ২০১৬ তারাবীর পর)

(১০) মা বাবাকে কষ্ট দেওয়া আখিরাতের সাথে সাথে দুনিয়াতেও ক্ষতির কারণ। (১৫ রমযান, ১৪৩৭ হিজরী, ২০ জুন ২০১৬)

(১১) পরিক্ষার পরিচ্ছন্নতা যদি (পরিক্ষার পরিচ্ছন্নতার) সুন্নতের নিয়তে হয় তবে তা সাওয়াবের কাজ।

(১৫ রমযান, ১৪৩৭ হিজরী, ২০ জুন ২০১৬ তারাবীর পর)

(১২) সেই বুদ্ধিমান ব্যক্তিই সফলকাম, যে তার নিজের বুদ্ধিমত্তাকে আল্লাহ ও তাঁর রাসূল **صَلَّى اللَّهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ** 'র প্রতি অনুগত্যে ব্যবহার করেছে।

(১৫ রমযান, ১৪৩৭ হিজরী, ২০ জুন ২০১৬ তারাবীর পর)





(১৩) আল্লাহ পাকের কোন নাফরমানিকে ছোট মনে করা এটাকে বড় করে দেয়।

(১৬ রমযান, ১৪৩৭ হিজরী, ২১ জুন ২০১৬ তারাবীর পর)

(১৪) কেউ যদি উপকার করে বা আমাদের কোন কাজ করে দেয় বা প্রশান্তি দেয় তবে তার কৃতজ্ঞতা প্রকাশ করতে গিয়ে মুখ দিয়ে “শুকরিয়া” শব্দ বলুন **إِنَّكَ اللَّهُمَّ كَرِيمٌ** বলে দিন। (১৬ রমযান, ১৪৩৭ হিজরী, ২১ জুন ২০১৬ আসর)

(১৫) পিতা মাতার অনুগত্য করাও তাদের অনুগ্রহের শুকরিয়া আদায় করার একটি রূপ।

(১৬ রমযান, ১৪৩৭ হিজরী, ২২ জুন ২০১৬ আসর)

(১৬) বহির্বিশ্বের ভিসা শতভাগ সত্য কথা বলেই নেয়া উচিত। (১৭ রমযান, ১৪৩৭ হিজরী, ২২ জুন ২০১৬)

(১৭) আশিকানে রাসূল উলামাদের বিরুদ্ধে অনুচিত মন্তব্য (উলামাদের শানে বেয়াদবি) করলে ঈমান শঙ্কায় পড়তে পারে। (১৭ রমযান, ১৪৩৭ হিজরী, ২২ জুন ২০১৬)

(১৮) হে আশিকানে রাসূল, নিজেদের মেয়েদেরকে ফুলহাতা এবং মহিলা সুলভ পোশাক পরিধান করান।

(১৭ রমযান, ১৪৩৭ হিজরী, ২২ জুন ২০১৬ আসরের পর)





(১৯) আল্লাহ পাক আমাদেরকে যদি কোন পদে অধিষ্ঠিত করেন তবে আমাদের মেজাজ নম্র ও ভদ্র হওয়া দরকার যাতে আমরা আমাদের অধীনস্থ কর্মচারীদের সাথে কোমল ও নম্র আচরণ করতে পারি, যখনই আমরা কোন অধীনস্থদের সাথে কঠোরতা প্রদর্শন করবো তখন আমাদের ভাবা উচিত যে, আমাদের প্রিয় নবী صَلَّى اللهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ কি সাহাবায়ে কেলাম عَلَيْهِمُ الرِّضْوَانُ'র সাথে এরূপ আচরণ করতেন? এভাবে আমাদের চরিত্র উত্তম হয়ে যাবে।

(১৯ রমযান, ১৪৩৭ হিজরী, ২৪ জুন ২০১৬ আসরের পর)

(২০) প্রত্যেক দায়িত্বশীল যেন এটা মনে করে যে, এই পদ আল্লাহ দিয়েছেন আর তিনি এটা যে কোন সময় আমার কাছ থেকে ছিনিয়ে নিতে পারেন। এভাবে আল্লাহ পাকের গোপন রহস্যকে ভয় করতে থাকুন।

(১৯ রমযান, ১৪৩৭ হিজরী, ২৪ জুন ২০১৬ তারাবীর পর)

(২১) যার বিভিন্ন ধরনের নিয়ামত অর্জন হয়েছে সে যেন এটা মনে করে যে, এমন যেন না হয় আমার নেকীর প্রতিদান দুনিয়াতেই দিয়ে দেয়া হচ্ছে আর আখিরাতে এর থেকে কোন উপকার লাভ হবে না।

(১৯ রমযান, ১৪৩৭ হিজরী, ২৪ জুন ২০১৬ তারাবীর পর)





(২২) প্রত্যেক গুনাহগারের উচিত আল্লাহ পাকের রহমতের আশা রাখা এবং প্রত্যেক নেককারের উচিত আল্লাহ পাকের অমুখাপেক্ষীতাকে ভয় করা ।

(১৯ রমযান, ১৪৩৭ হিজরী, ২৫ জুন ২০১৬ আসরের পর)

(২৩) যদি সত্যিকারার্থে এই চিন্তাধারা সৃষ্টি হয়ে যায় যে, আল্লাহ পাক দেখছেন তবে তা গুনাহ থেকে বাঁচতে সহায়ক হবে । (১৯ রমযান, ১৪৩৭ হিজরী, ২৫ জুন ২০১৬ আসরের পর)

(২৪) শিশুরা যদি কোন কাপড় পছন্দ করে এবং তাতে যদি কোন সমস্যা অথবা শরয়ী ত্রুটি যেমন প্রাণীদের ছবি অথবা সঠিক মানসম্মত না হওয়া ইত্যাদি সমস্যা না থাকে তবে বাচ্চার মনতুষ্টির জন্য তাদের পছন্দকে অগ্রাধিকার দেওয়া উচিত । **إِنْ شَاءَ اللَّهُ** বাচ্চার মন খুশি করার সাওয়ার অর্জিত হবে এবং সেই পোশাক পরিধান করতে শিশুরাও আগ্রহী হবে । (২০ রমযান, ১৪৩৭ হিজরী, ২৫ জুন ২০১৬ তারাবীর পর)

(২৫) শিশুদের অন্তরেও আল্লাহ পাকের ভয় সৃষ্টি করা উচিত । (২০ রমযান, ১৪৩৭ হিজরী, ২৫ জুন ২০১৬ তারাবীর পর)

(২৬) কিছু কথা যেমন, নাবালকের গোনাহ লেখা হয় না ইত্যাদি, শিশুদেরকে না বলা উচিত কারণ এতে বাচ্চার





নির্ভয় হয়ে যায়, এবং শয়তান তাদেরকে খেলনা বানিয়ে নেয়। শিশুদের অন্তরে খোদভীতি থাকলে তো তারা ইবাদত করবে। (২০ রমযান, ১৪৩৭ হিজরী, ২৫ জুন ২০১৬ তারাবীর পর)

(২৭) হায়! আমরা যদি মৃত্যুর পূর্বে নিজের নফসকে দমন করতে (হত্যা করতে) সফল হয়ে যেতাম।

(২০ রমযান, ১৪৩৭ হিজরী, ২৫ জুন ২০১৬ তারাবীর পর)

(২৮) মসজিদ ইবাদতের জায়গা, এতে মোবাইল নিয়ে খেলা করা বধণা।

(২০ রমযান, ১৪৩৭ হিজরী, ২৬ জুন ২০১৬ তারাবীর পর)

(২৯) গুনাহের কারণে অন্তরও ময়লা হয়ে যায়। কুরআন তেলাওয়াত করা, মৃত্যুকে স্মরণ করা, আল্লাহ পাকের ভয় এবং রাসূলের প্রেমে কান্নাকাটি করলে অন্তর পরিষ্কার হয়। (২০ রমযান, ১৪৩৭ হিজরী, ২৬ জুন ২০১৬ আসরের পর)

(৩০) অজু অবস্থায় থাকলে মুসিবত দূর হয়।

(২২ রমযান, ১৪৩৭ হিজরী, ২৭ জুন ২০১৬ তারাবীর পর)

(৩১) ড্রাইভারদের অজু অবস্থায় গাড়ি চালানো উচিত। (২২ রমযান, ১৪৩৭ হিজরী, ২৭ জুন ২০১৬ তারাবীর পর)





(৩২) বর্তমানে অজুর সঠিক পদ্ধতি অনেক কম সংখ্যক লোকই জানে, প্রথমত কথা হলো, ফরয পরিপূর্ণভাবে আদায় করেনা আর যদি ফরজ পরিপূর্ণ হয়েও যায় তবে সুন্নত ছেড়ে দেয়। আমাদের অজু সঠিক হলে আমরা এর বরকত লাভ করতে পারবো। (২২ রমযান, ১৪৩৭ হিজরী, ২৭ জুন ২০১৬ তারাবীর পর)

(৩৩) আমি আমার মেয়েকে হয়তো ১০০ বার বলেছি যে, নিজের শশুর শাশুড়িকে পিতা-মাতা মনে করে খেদমত করবে। তদ্রূপ আমার নাতনিদেরকেও বলতে থাকি যে, নিজেদের দাদা দাদির বেশি বেশি খেদমত করো।

(২২ রমযান, ১৪৩৭ হিজরী, ২৭ জুন ২০১৬ তারাবীর পর)

(৩৪) বয়স্কদের খেদমত অবশ্যই ফলদায়ক হয়।

(২৩ রমযান, ১৪৩৭ হিজরী, ২৮ জুন ২০১৬)

(৩৫) আল্লাহ পাকের সম্ভৃষ্টি সবচেয়ে বড় নেয়ামত। আল্লাহ পাক যার প্রতি সম্ভৃষ্টি হবেন তাকে জান্নাতে প্রবিষ্ট করবেন। (২৩ রমযান, ১৪৩৭ হিজরী, ২৯ জুন ২০১৬ আসরের পর)

(৩৬) নেকীর উপরে অবিচলতা অর্জন করার পদ্ধতি হলো, আল্লাহ পাকের নিকট অবিচলতার দোয়া করা। নেকীর মধ্যে মন না লাগলেও লাগানোর চেষ্টা করুন, **اِنْ شَاءَ اللهُ** মন লেগে যাবে। নেকীর ফজিলত সমূহ অধ্যয়ন করতে থাকুন।

(২৪ রমযান, ১৪৩৭ হিজরী, ২৯ জুন ২০১৬ তারাবীর পর)





(৩৭) বাচ্চার জন্মদিনে কুরআন খতম অথবা নাত মাহফিলের ব্যবস্থা করণ, গান বাজনার অনুষ্ঠানে পুরুষ ও মহিলার সংমিশ্রণ হওয়া, তালি বাজানো থেকে সম্পূর্ণরূপে বিরত থাকুন। শুধুমাত্র সেই সমস্ত কাজ করণ যা আল্লাহ পাকের সন্তুষ্টিমূলক হয়।

(২৬ রমযান, ১৪৩৭ হিজরী, ১ জুলাই ২০১৬ তারাবীর পর)

(৩৮) যে হজ অথবা ওমরা করার জন্য যায় তাকে মোবারকবাদ দেওয়া উচিৎ এবং এটা বলা উচিৎ যে, আল্লাহপাক আপনার উপস্থিতি কবুল করুক, বেয়াদব লোক ও বেয়াদবি মূলক কাজ থেকে বাঁচাক, আমার জন্য দোয়া করবেন। রাসূলে পাক صَلَّى اللهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ'র দরবারে ও শায়খাইনে কারিমাইন (হযরত আবু বক্কর ও হযরত ওমর ফারুক) رَضِيَ اللهُ عَنْهُمَا কে এবং আহলে বাকী ও আহলে মুতাফ দেরকে আমার সালাম আরজ করবেন ইত্যাদি।

(২১ রমযান, ১৪৩৭ হিজরী, ২৬ জুন ২০১৬ তারাবীর পর)

(৩৯) যিনি ওজন কমাতে অধীর আগ্রহী, তিনি প্রথমে লিড প্রোফাইল, কোলেস্ট্রল, সুগার টেস্ট করিয়ে নেয়। অতঃপর ক্রমান্বয়ে প্রতি মাসে ওজন কমান।

(১৬ রমযান, ১৪৩৬ হিজরী, ৩ জুলাই ২০১৫ তারাবীর পর)





(৪০) যৌবনকালে মিষ্টি ও তেলযুক্ত বস্তু ইত্যাদি পরিহার করণ তাহলে বার্বক্য ভালোভাবে অতিবাহিত হবে এবং বার্বকে এই জিনিসগুলো থেকে বাঁচা অত্যন্ত জরুরী।

(৪ ফিলহজ্জ, ১৪৩৬ হিজরী, ১৮ সেপ্টেম্বর ২০১৫)

(৪১) পান, গুটকা খাওয়ার অভ্যাস পয়সা খরচ করে রোগ ডেকে আনার নামাস্তর।

(৭ ফিলহজ্জ, ১৪৩৬ হিজরী, ২১ সেপ্টেম্বর ২০১৫)

(৪২) স্থূলতার উত্তম চিকিৎসা হলো ব্যায়াম এবং বেশি খাবার পরিহার করা। (৫ মুহাররম, ১৪৩৭ হিজরী, ১৯ অক্টোবর ২০১৫)

(৪৩) ডাক্তার থেকে ওষুধ পাওয়া যায় শিফা নয় আল্লাহ পাক চাইলেই ওষুধ শিফার মাধ্যম হবে।

(১৫ জমাদিউল উখরা, ১৪৪৪ হিজরী, ৭ জানুয়ারি ২০২৩)

(৪৪) অসুস্থ ব্যক্তি আল্লাহ পাকের রহমতের ছায়াতলে থাকে। (১৫ জমাদিউল উখরা, ১৪৪৪ হিজরী, ৭ জানুয়ারি ২০২৩)

(৪৫) সুস্থতার জন্য ওষুধের পাশাপাশি দোয়া করণ।

(১৫ জমাদিউল উখরা, ১৪৪৪ হিজরী, ৭ জানুয়ারি ২০২৩)

(৪৬) চিকিৎসা নিজের মতে করার চেয়ে ডাক্তারের পরামর্শে করা উচিত। (১৫ জমাদিউল উখরা, ১৪৪৪ হিজরী, ৭ জানুয়ারি ২০২৩)





(৪৭) কোন হাকিম, বাবাজি, ডাক্তার, অথবা হাসপাতালের চিকিৎসা দ্বারা যদি কোন উপকার না হয় অথবা ব্যথা বেড়ে যায় তাহলে ধৈর্যধারণ করবেন। কোন সঠিক উদ্দেশ্য ছাড়া কারো নাম নিয়ে অন্যজনকে বলা ভালো কাজ নয় বরং তাতে গীবত ও মনে কষ্ট দেয়া ইত্যাদি গুনাহে পড়ে যাওয়ার আশঙ্কা থাকে। (১৫ জমাদিউস সানী, ১৪৪৪ হিজরী, ৭ জানুয়ারি ২০২৩)

(৪৮) শারীরিক অসুস্থতা থেকে গুনাহের অসুস্থতা বেশি ভয়ংকর। (১৫ জমাদিউস সানী, ১৪৪৪ হিজরী, ৭ জানুয়ারি ২০২৩)

(৪৯) কোন অসুস্থতাই দুরারোগ্য নয়, হ্যাঁ অনেক রোগের ওষুধ এখনো পর্যন্ত ডাক্তার আবিষ্কার করতে পারেনি। (১৫ জমাদিউল উখরা, ১৪৪৪ হিজরী, ৭ জানুয়ারি ২০২৩)

(৫০) দৃষ্টি ডাক্তারের দিকে নয় বরং আল্লাহ পাকের রহমতের দিকে রাখবেন। ডাক্তার লক্ষগুন ভালো চিকিৎসা করুক, আল্লাহ পাক চাইলেই সুস্থতা অর্জন হবে।

(১৫ জমাদিউল উখরা, ১৪৪৪ হিজরী, ৭ জানুয়ারি ২০২৩)

(৫১) যথাসম্ভব একই ডাক্তারের কাছ থেকে চিকিৎসা করানো উচিত যে, তিনি আপনার শরীর সম্পর্কে অবগত থাকবেন, ডাক্তার পরিবর্তন করতে থাকলে প্রত্যেক ডাক্তার





শুরু থেকে চিকিৎসা করবে, এতে হতে পারে, আপনি পরীক্ষায় পড়ে যাবেন। (১৫ জমাদিউল উখরা, ১৪৪৪ হিজরী, ৭ জানুয়ারি ২০২৩)

(৫২) পায়ের তালুতে যে কোন তেল দিয়ে মালিশ করলে তার চামড়া নরম থাকে, পা ফাটা থেকে রক্ষা পাওয়া যায় এবং মেধা বিকাশে সহযোগিতা করে। কেননা পায়ের তালুর সম্পর্ক মেধার সাথে। (৮ সফর, ১৪৩৭ হিজরী, ২১ নভেম্বর ২০১৫)

(৫৩) প্রত্যেকদিন ১২ গ্লাস পানি খাওয়া নিজের রুটিন বানিয়ে নিন, কোষ্ঠকাঠিন্য হবে না এবং চামড়াও নরম থাকবে। শীতকালে পানি কম পান করা হয় যার কারণে এই দুটো কষ্ট বেড়ে যায়। (৮ সফর, ১৪৩৭ হিজরী, ২১ নভেম্বর ২০১৫)

(৫৪) সফরুল মুজাফফর একটি বরকতময় মাস, এই মাসে অনেক বড় বড় আউলিয়ায়ে কেরামের উরস মুবারক পালিত হয়। (১৫ সফরুল মুজাফফর ১৪৩৭ হিজরী ২৮ নভেম্বর ২০১৫)

(৫৫) বেশিরভাগ মানুষ পেট ভর্তি করে খায়, এতে অন্তর শক্ত হয়ে যায়। (৪ রবিউস সানী ১৪৩৭ হিজরী ১৪ জানুয়ারী ২০১৬)

(৫৬) চিনি একটি মিষ্টিজাতীয় বিষ।

(১৮ জমাদিউল আউয়াল ১৪৩৭, ২৭ ফেব্রুয়ারি ২০১৬)





(৫৭) ইবাদতের শক্তি অর্জন করতে কম আহার করুন। (১৮ জমাদিউল আউয়াল ১৪৩৭, ২৭ ফেব্রুয়ারি ২০১৬)

(৫৮) গুড়ের চা অনেক ভালো, আমি গুড়ের চা ব্যবহার করি। (১৮ জমাদিউল আউয়াল ১৪৩৭, ২৭ ফেব্রুয়ারি ২০১৬)

(৫৯) একজন সুস্থ ব্যক্তির ৯২ দিনে একবার রক্ত পরীক্ষা (Lipid profile) করানো উচিত।

(১৮ জমাদিউল আউয়াল ১৪৩৭, ২৭ ফেব্রুয়ারি ২০১৬)

(৬০) প্লাস্টিকের ব্যাগে গরম খাবার রাখা হতে বিরত থাকুন। (২৪ জমাদিউল উখরা ১৪৩৭, ১২ এপ্রিল ২০১৬)

(৬১) ডাক্তার ও হাকিমদের উচিত সদয় এবং রোগীদের প্রতি সহানুভূতিশীল হওয়া।

(৮ রজব ১৪৩৭, ১৬ এপ্রিল ২০১৬)

(৬২) ওয়াজিফা সমূহের মাঝে প্রত্যেক রোগের নিরাময় রয়েছে। (৮ রজব ১৪৩৭, ১৬ এপ্রিল ২০১৬)

(৬৩) যৌবনকাল থেকেই পানাহার নিয়ন্ত্রণ করা শুরু করুন যাতে বার্ষিক্যে কষ্ট কম হয়। (২৯ রজব ১৪৩৭, ৭ মে ২০১৬)





(৬৪) কাবাব সমুচা খাওয়া থেকে বিরত থাকার মধ্যেই নিরাপত্তা রয়েছে। (২৯ রজব ১৪৩৭, ৭ মে ২০১৬)

(৬৫) অতিরিক্ত খাওয়ার কারণে ৮০% রোগ হয়।

(৩ রমজান ১৪৩৭, ৯ জুন ২০১৬, আসরের পর)

(৬৬) ধূমপান খুবই ক্ষতিকর। এতে টিবি হতে পারে। ধূমপায়ীদের বৃদ্ধ বয়সে অনেক সমস্যায় পড়তে হয়। সিগারেটের ধারে কাছেও যাওয়া উচিত নয়।

(৪ রমজান ১৪৩৭, ৯ জুন ২০১৬, তারাবীর পর)

(৬৭) আঘাত, অসুস্থতা, আতঙ্ক, নিদ্রাহীনতা, কষ্ট এবং যাবতীয় জানের বা আর্থিক ক্ষতি ও ঝামেলায় ধৈর্যধারণ করুন, অকারণে অন্যদের নিকট প্রকাশ করা থেকে বিরত থেকে ক্ষমার সুসংবাদের অধিকারী হোন।

(৫ রমজান ১৪৩৭, ১১ জুন ২০১৬, আসরের পর)

(৬৮) খাওয়ার পরপরই পানি পান করা চিকিৎসাগতভাবে ক্ষতিকর, বিশেষ করে খাওয়ার পর ঠান্ডা পানীয় পান করার যে রীতি আছে তা খুবই ক্ষতিকর।

(৬ রমজান ১৪৩৭, ১১ জুন ২০১৬, তারাবীর পর)

(৬৯) গ্রীষ্মকালে দুটি পানীয়, কাঁচা লসিয় এবং লেবুর শরবত খুবই উপকারী। (৬ রমজান ১৪৩৭, ১১ জুন ২০১৬, তারাবীর পর)





(৭০) ব্যায়াম অনেক রোগ থেকে বাঁচার উপায়।

(১৭ রমজান ১৪৩৭, ২৩ জুন ২০১৬, আসরের পর)

(৭১) জয়েন্টের ব্যথার চিকিৎসা: একটি টেঁড়স নিয়ে আগা থেকে গোঁড়ার মাঝখানে কেটে নিন অতঃপর পানিতে অন্তত ১২ ঘণ্টা ভিজিয়ে রাখুন, তারপর সেই পানিতে সেটিকে নিংড়িয়ে তার পানি পান করুন। **إِنْ شَاءَ اللهُ** জয়েন্টের ব্যথা থেকে মুক্তি পাবেন।

(২১শে রমজান ১৪৩৭, ২৬শে জুন ২০১৬, তারাবীর পর)

(৭২) বাবরি চুল রাখা সুন্নত, এমনকি বাচ্চাদেরও বাবরি চুল রাখা উচিত, তবে আমার পরামর্শ হলো, তারা যেন শুধু কানের অর্ধলতি পর্যন্ত রাখে, পূর্ণকান বা কাঁধ পর্যন্ত নয়।

(২১শে রমজান ১৪৩৭, ২৭ জুন ২০১৬, আসরের পর)

(৭৩) গাছ মানুষের স্বাস্থ্যের জন্য উপকারী, গাছ মানুষের সেবক। বাড়ির আশেপাশে গাছ থাকলে উপকার পাওয়া যায়। (৩০ ফিলকদ ১৪৩৭, ২ সেপ্টেম্বর ২০১৬)

(৭৪) যখন সূর্যোদিত বা অস্ত যায় তখন ২০/২৫ মিনিট সূর্যের আলো ছোট বড় সবার জন্য উপকারী।

(২৯ ফিলহজ্জ ১৪৩৭, ২ অক্টোবর ২০১৬)





(৭৫) গাজরের মৌসুমে প্রতিদিন একটি করে গাজর খেলে দৃষ্টিশক্তি প্রখর হয়। (১ মুহাররম ১৪৩৭, ৩ অক্টোবর ২০১৬)

(৭৬) আপেলকে বলা হয় সবচেয়ে শক্তিশালী ফল।

(১ মুহাররম ১৪৩৮, ৩ অক্টোবর ২০১৬)

(৭৭) খালি মুখে রসুনের পিণ্ডের এক বা দুটি টুকরা খেলে কোলেস্ট্রল হ্রাস পায় এবং দাঁতের ব্যথা উপশম হয়।

(২ মহররম ১৪৩৮, ৪ অক্টোবর ২০১৬)

(৭৮) কাঁচা রসুন খেয়ে মুখে দুর্গন্ধ হলে আজওয়াইন চিবিয়ে খেলে মুখের দুর্গন্ধ দূর হবে।

(২ মুহাররম ১৪৩৮, ৪ অক্টোবর ২০১৬)

(৭৯) আদার খোসা ছাড়ানোর দরকার নেই, খোসা সহ ব্যবহার করণ। (১ রবিউল-আউয়াল ১৪৩৮, ৩০ নভেম্বর ২০১৬)

(৮০) খাওয়ার পর আফসোস করার চেয়ে না খেয়ে আফসোস করা ভালো। (৩ রবিউল আউয়াল ১৪৩৮, ২ ডিসেম্বর ২০১৬)

(৮১) প্রতিদিন ৭ টি ডুমুর খেলে কোমর ব্যথা উপশম হয়। (৬ রবিউল আউয়াল ১৪৩৮, ৫ ডিসেম্বর ২০১৬)





(৮২) প্লাস্টিকের ব্যাগ ও পাত্রে গরম খাবার রাখবেন না, এতে খাবারে রাসায়নিক মিশে স্বাস্থ্যের ক্ষতি করে।

(১লা জমাদিউল উলা ১৪৩৮ হিজরি ২৯ জানুয়ারী ২০১৭)

(৮৩) কাঠকয়লা দিয়ে মাছ রান্না করা উপকারী, এর তরকারিও স্বাস্থ্যের জন্য উপকারী, মাছ ভাজলে এর উপকারিতা কমে যায়। (১ জমাদিউল আউয়াল ১৪৩৮ হিজরি ২৯ জানুয়ারী ২০১৭)

(৮৪) চিকিৎসা গবেষণা মতে, কম আহারকারী দীর্ঘায়ু লাভ করে। (০১ রমজান ১৪৩৭, ৬ জুন ২০১৬, রাত)

(৮৫) শসা এর খোসা সহ খাওয়া উচিত, এর খোসাও স্বাস্থ্যের জন্য উপকারী। (২ যুল-হিজ্জাহ ১৪৩৭, ৪ সেপ্টেম্বর ২০১৬)

(৮৬) স্থানীয় মসজিদের ইশার নামাযের জামায়াতের ২ ঘন্টার মধ্যে বাড়িতে গিয়ে ঘুমিয়ে পড়ুন।

(৯ জমাদিউল উখরা ১৪৩৭, ১৯ মার্চ ২০১৬)

(৮৭) যখনই অজু করবেন তখন অন্তরে অজু করার নিয়ত উপস্থিত রেখে বলবেন: আমি আল্লাহর হুকুম পালন করার লক্ষ্যে অজু করব। (১৬ জমাদিউল উখরা ১৪৩৭, ২৬ মার্চ ২০১৬)





(৮৮) সোশ্যাল মিডিয়া থেকে দূরে থাকুন, এতে অনেক সময় নষ্ট হয়, গুনাহে লিপ্ত হওয়ার প্রবল আশঙ্কা থাকে। (১৬ জমাদিউল আখির ১৪৩৭, ২৬ মার্চ ২০১৬)

(৮৯) স্বামীকে খুশি করা যদি আল্লাহর সন্তুষ্টির জন্য হয় তাহলে ইবাদত। (১৫ রজব ১৪৩৭, ২৩ এপ্রিল ২০১৬)

(৯০) পারিবারিক সমস্যার একটি সমাধান হলো উভয় পক্ষের একজনকে ধৈর্যধারণ করা।
(১৫ রজব ১৪৩৭, ২৩ এপ্রিল ২০১৬)

(৯১) ক্রোধের কারণে মানুষ অনেক গুনাহে লিপ্ত হয়, তাই রাগের চিকিৎসা করা আবশ্যিক। এর জন্য, মাকতাবাতুল মদীনা হতে প্রকাশিত পুস্তিকা "রাগের চিকিৎসা" অধ্যয়ন করুন। (১৩ শাবান ১৪৩৭, ২১ মে ২০১৬)

(৯২) বয়স্ক ব্যক্তিদের অসুস্থতার কথা অকারণে কাউকে বলা উচিত নয়। (১৩ শাবান ১৪৩৭, ২১ মে ২০১৬)

(৯৩) দা'ওয়াতে ইসলামীর দ্বীনি পরিবেশে প্রশিক্ষণ মূলক ইতিকাফ করা নেককার হওয়ার সর্বোত্তম উপায়।
(১৩ শাবান ১৪৩৭, ২১ মে ২০১৬)





(৯৪) আমি আরবের অধিবাসীদের ভালোবাসি, কারণ মক্কী মাদানী মুস্তফা صَلَّى اللهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ আরবী ছিলেন।

(২০ শাবান ১৪৩৭, ২৮ মে ২০১৬)

(৯৫) অজু অবস্থায় থাকলে চেহারার সৌন্দর্য বৃদ্ধি পায়। আল্লাহ পাক আমাদের নেকীর নূর দান করুক।

(২৬ রমজান ১৪৩৭, ১ জুলাই ২০১৬, তারাবীর পর)

(৯৬) ইমামদের উচিত দ্বিতীয় দোয়া নিম্নস্বরে করা, কারণ অনেক লোক তখন নামাযরত থাকে।

(২৭ শাবান ১৪৩৭, ৪ জুন ২০১৬)

(৯৭) যখন নেক আমল করার মন মানসিকতা তৈরি হয় এবং উৎসাহ লাভ হয় তখন ফরজের পাশাপাশি নফল আদায় করাও সহজ হয়ে যায়। (২৭ শাবান ১৪৩৭, ৪ জুন ২০১৬)

(৯৮) নফসকে নিয়ন্ত্রণ করার উপায় হলো নফস যা বলে তার বিরোধিতা করা। (০১ রমজান ১৪৩৭, ৬ জুন ২০১৬, রাত)

(৯৯) নিজের দায়িত্বে এতটুকু কাজ নেওয়া উচিত যতটুকু আমরা করতে পারবো এবং লজ্জিত হতে হবে না।

(২৩ রমজান ১৪৩৭, ২৮ জুন ২০১৬, তারাবিহের পরে)

(১০০) তাসাউফের এমন কোন গ্রন্থ নেই যাতে ক্ষুধার গুণাবলী নেই। (০১ রমজান ১৪৩৭, ৬ জুন ২০১৬, রাত)





(১০১) আল্লাহ আমাদের এমন স্বাস্থ্য দান করুক যা ইবাদত করার শক্তি জোগায়। (০১ রমজান ১৪৩৭, ৬ জুন ২০১৬, রাত)

(১০২) রমজান মাসে সম্পূর্ণ কুরআন তেলাওয়াত করুন। প্রতিদিন কুরআন তেলাওয়াতের জন্য কমপক্ষে এক ঘন্টা বরাদ্দ করুন। (০১ রমজান ১৪৩৭, ৭ জুন ২০১৬, আসরের পর)

(১০৩) তাসাউফের কোন গ্রন্থ নীরবতার গুণাবলী শুন্য নয়। (০১ রমজান ১৪৩৭, ৭ জুন ২০১৬, আসরের পর)

(১০৪) অস্থির দৃষ্টিপাত (অকারণে চারপাশে তাকানো) ভাল বিষয় নয়, বরং ভাল নিয়তে এটিকে বর্জন করা সাওয়াবের কাজ। (০১ রমজান ১৪৩৭, ৭ জুন ২০১৬, আসরের পর)

(১০৫) ঈদে নতুন কাপড় পরিধান করা জরুরী নয়, সুন্নত অনুযায়ী সেলাই করা পুরোনো এবং পরিষ্কার কাপড় পরিধান করা যেতে পারে। (৩রা রমজান ১৪৩৭, ৯ই জুন ২০১৬, বিকেল)

(১০৬) বর্তমানে শিশুদের সাথে সহানুভূতিশীল আচরণ করার প্রবণতা কম, এটি ভাল বিষয় নয়।

(৩রা রমজান ১৪৩৭, ৯ই জুন ২০১৬, বিকেল)





(১০৭) সুনাত ও সাওয়াবের নিয়তে ছোট বাচ্চাদেরকে স্নেহপূর্ণ আদর করা উচিত।

(৩রা রমজান ১৪৩৭, ৯ই জুন ২০১৬, বিকেল)

(১০৮) **اَلْحَمْدُ لِلّٰهِ** আমি স্বাভাবিকভাবেই শিশুদের ভালোবাসি। (৩ রমজান ১৪৩৭, ৯ জুন ২০১৬, বিকেল)

(১০৯) মুসলমানের প্রতিটি মুহূর্ত মূল্যবান, এটিকে নষ্ট হওয়া থেকে রক্ষা করুন। (৩রা রমজান ১৪৩৭, ৯ই জুন ২০১৬, বিকেল)

(১১০) প্রকৃত ধনী সেই যে নেক কাজ করে।

(৮ রমজান ১৪৩৭, ১৪ জুন ২০১৬, বিকেল)

(১১১) শিশুদের সহজ হাদীস ও নেককার মানুষের গল্প শুনিয়ে নেক কাজ করার চেতনা জাগ্রত করতে হবে।

(৯ই রমজান ১৪৩৭, ১৫ই জুন ২০১৬, বিকেল)

(১১২) যদি কোন প্রাণী কষ্ট পায়, তবে তার ব্যথা উপশম করা সাওয়াবের কাজ। (১০ রমজান ১৪৩৭, ১৫ জুন ২০১৬, বিকেল)

(১১৩) ছোট বা বড় প্রতিটি গুনাহ আপনাকে জাহান্নামে নিক্ষেপ করতে পারে।

(১৬ রমজান ১৪৩৭, ২১ জুন ২০১৬, তারাবীর পর)



আগামী সপ্তাহের পুস্তিকা



মাকতাবাতুল মদীনার বিভিন্ন শাখা

হেত অফিস : ১৮২ আব্দবকিয়া, চট্টগ্রাম। মোবাইল: ০১৭১৪১১২৭২৬

বহুবালেশ মনীশা নামে বঙ্গবন্ধু, জগদীশ বোড়, সাতঘনাবাদ, ঢাকা। মোবাইল: ০১৯২০০৭৮৫১৭

আল-কাছাফ শরিফ সেন্টার, ২য় তলা, ১৮২ আব্দবকিয়া, চট্টগ্রাম। মোবাইল ও বিকাশ নং: ০১৮৪৪৪০০৫৮৯

আশাবীপতি, বাঙ্গার বোত, ঢাকাবাজার, সুফিয়া। মোবাইল: ০১৭৯৪৭৮১০২৬

E-mail: bdmktabatulmdina26@gmail.com, banglatranslation@darululoom.net, Web: www.darululoom.net